

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৮৯৪

৫. হজ্জ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৮. যে ব্যক্তি হজ্জের মাসসমূহে উমরাহ করে

بَابُ مَنْ اعْتَمَرَ فِي أَشْهُرِ الْحَجِّ

আরবী

أَخْبَرَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ عَنْ رَبِيعِ بْنِ سَبْرَةَ أَنَّ أَبَاهُ حَدَّثَهُ أَنَّهُمْ سَارُوا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى بَلَغُوا عُسْفَانَ فَقَالَ لَهُ رَجُلٌ مِنْ بَنِي مُدَلِجٍ يُقَالُ لَهُ مَالِكُ بْنُ سُرَاقَةَ أَوْ سُرَاقَةُ بْنُ مَالِكٍ أَفْضَلُ لَنَا قَضَاءَ قَوْمٍ وَلِدُوا الْيَوْمَ قَالَ إِنَّ اللَّهَ قَدْ أَدْخَلَ عَلَيْكُمْ فِي حَجِّكُمْ هَذَا عُمْرَةً فَإِذَا أَنْتُمْ قَدِمْتُمْ فَمَنْ تَطَوَّفَ بِالْبَيْتِ وَبِالصَّفَا وَالْمَرْوَةِ فَقَدْ حَلَّ إِلَّا مَنْ كَانَ مَعَهُ هَدْيٌ

বাংলা

১৮৯৪. রবী' ইবনু সাবরা (রহঃ) তাঁর পিতা হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, তারা (মদীনা হতে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে রওনা হন। আমরা যখন উসফান নামক স্থানে পৌঁছলাম, তখন মুদলিজ গোত্রের মালিক ইবনু সুরাকা অথবা সুরাকা ইবনু মালিক নামক এক লোক (রা) তাঁকে বলেন, আমাদের বিস্তারিত (হজ্জের) আহকাম এমনভাবে অবহিত করুন, যেভাবে সদ্য প্রসূত শিশুদের বুঝানো হয় (অর্থাৎ উত্তমরূপে বুঝিয়ে দিন যাতে মূর্খরাও বুঝতে পারে)। তিনি বলেন, আল্লাহ তোমাদের এই হজ্জের মধ্যে উমরাকে প্রবেশ করিয়েছেন। কাজেই যখন তোমাদের মধ্যে কোনো ব্যক্তি মক্কায় পৌঁছে বায়তুল্লাহ'র তাওয়াফ ও সাফা-মারওয়ার মধ্যে সা-ঈ করবে, তখন সে হালাল হবে। তবে যদি কারো সাথে কুরবানীর পশু থাকে, (তবে সে হালাল হবে না)।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু দাউদ, মানাসিক ১৮০১; আহমাদ ৩/৪০৪-৪০৫; এর অংশবিশেষ বর্ণনা করেছেন ইবনুল কানি, মু'জামুস সাহাবাহ নং ৩৬৯; মুসনাদুল মাউসিলী নং ৯৩৯ ও সহীহ ইবনু হিব্বান নং ৪১৪৪, ৪১৪৭।

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ রবী' ইবন সাবরা জুহানী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82177>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন